দৈনিক খবর

36

তারিখ ...15 MAY 1989...
পৃষ্ঠা... 1 কলাম 1 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২০

# পাকিস্তানের প্রেসিডেন্টের সাথে শেখ শহীদের বৈঠক

ইসলামাবাদ, ১৪ই মে (বাসস)।— শিক্ষমন্ত্রী শেখ শহীদুল ইসলাম আজ সকলে ইসলামাবাদে পাকিস্তানী প্রেসিডেন্ট গোলাম ইসহাক খানেরা সাথে দেখাকরেন।

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## শেখ শহীদের বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

পাকিস্তানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সি এম সফি সামি মন্ত্রীর সাথে ছিলেন। শেখ শহীদ পাকিস্তানী প্রেসিডেন্টকে রাষ্ট্রপতি এরশাদের শুভেচ্ছা জানান।

পাকিস্তানী প্রেসিডেন্টও তাঁর উষ্ণ শুভেচ্ছা রাষ্ট্রপতি এরশাদকে জানাতে অনুরোধকরেন।

শেখ শহীদ 'কমসটেক' সংক্রান্ত রাষ্ট্রপতি এরশাদের একটি বার্তাও প্রেসিডেন্ট গোলাম ইসহাক খানের কাছে হস্তান্তরকরেন।

বৈঠককালে বাংলাদেশের মন্ত্রী প্রেসিডেন্ট গোলাম ইসহাক খানকে বাংলাদেশ সরকারের শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তিগত সেক্টরের কর্মকান্ড ও কর্মসূচী সম্পর্কে অবহিত করেন। আলোচনায় শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তিতে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে বৃহত্তর দ্বিপক্ষীয় সহযোগিতার বিষয় স্থান পায়।

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গোলাম ইসহাক খানের গভীর আগ্রহের জবাবে উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়নের বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ সরকার যেসব ব্যবস্থা গ্রহণ করছেন শেখ শহীদ সেগুলো সম্পর্কে তাঁকে অবহিত করেন।

মানিকগঞ্জের টর্নেডোয় হতাহতদের প্রতি পাকিস্তানী প্রেসিডেন্ট তাঁর গভীর সহানুভূতি প্রকাশ করেন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম আজ পাকিস্তানের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী সৈয়দ গোলাম মোস্তফা শাহের সাথে দেখা করেন।